

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 12-11-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

PM, Bhutan :

দ্বিতীয় পর্যায়ে পুনাটসাংচু জলবিদ্যুৎ প্রকল্পের উদ্বোধনের মাধ্যমে ভারত ও ভুটানের মধ্যে সফল জ্বালানি অংশীদারিত্বের আরেকটি বড় মাইলফলক স্বাক্ষরিত হলো। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুকের সঙ্গে দ্বি-পাক্ষিক সম্পর্ক আরো জোরদার ও শক্তিশালী করার বিষয়ে আলোচনা করেন। উভয়দেশের মধ্যে পুনর্বীকরণযোগ্য জ্বালানি, মানসিক স্বাস্থ্য পরিষেবা এবং স্বাস্থ্য সেবা ক্ষেত্রে ৩টি সময়োত্তা স্মারক স্বাক্ষরিত হয়। ভুটানের থিম্পুতে ওয়াং চু নদীর পশ্চিম তীরের গ্রিতিহাসিক দুর্গ এবং বৌদ্ধ বিহার তাণিছো জং-এ ভুটানের রাজা এবং রাণী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে স্বাগত জানান। তিনি রাজা এবং রাণীর সঙ্গে প্রার্থনা করেন।

এর আগে থিম্পুতে ভুটানের চতুর্থ রাজার ৭০তম জন্মদিন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে শ্রী মোদী বলেন, দিল্লির ভয়াবহ ঘটনার ষড়যন্ত্রকারীদের রেহাই দেওয়া হবে না এবং দায়ী সকলকে বিচারের আওতায় আনা হবে।

CM-College :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল গোমতী জেলার কাকড়াবনে রাজ্যের ২৮তম সরকারি ডিগ্রী কলেজের উদ্বোধন করেন। তাছাড়া, তিনি ডায়েটের ৫০ আসনের ছাত্রী আবাসের উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে কাকড়াবনের ডায়েট প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে তিনি ২০৪৭ সালের মধ্যে বিকশিত ত্রিপুরা গড়তে রাজ্য সরকারের উদ্যোগ বিস্তারিত উল্লেখ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রনজিত সিংহ রায়, উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মণ। উপস্থিত ছিলেন গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক জিতেন্দ্র মজুমদার প্রমুখ।

6th National Water Award 2025 :

জল সঞ্চয় জনভাগিদারী কার্যক্রমে অসাধারণ অবদানের জন্য রাজ্যের সিপাহীজলা জেলা উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে প্রথম পুরস্কার পাচ্ছে। রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু আগামী ১৮ই নভেম্বর নতুনদিল্লির বিজ্ঞান ভবনে ষষ্ঠ জাতীয় জল পুরস্কার ২০২৫ প্রদান করবেন। জলশক্তি মন্ত্রক জল সঞ্চয়ে অসাধারণ অবদানের জন্য সেরা রাজ্য, সেরা জেলা, গ্রাম পঞ্চায়েত, সেরা নগর স্থানীয় সংস্থা, সেরা স্কুল বা কলেজ, সেরা শিল্প, সেরা জল ব্যবহারকারী সমিতি, সেরা নাগরিক সমাজ এবং জল ক্ষেত্রে উৎকর্ষতার জন্য মোট ১০০টি পুরস্কার ঘোষণা করে।

Bihar election :

বিহার বিধানসভা ভোটের দ্বিতীয় পর্যায়েও সফলতার সঙ্গে নিরাপত্তার দায়িত্ব পালন করেছে রাজ্যের টিএসআর জওয়ানরা। রাজ্য পুলিশের মুখ্য জন সংযোগ আধিকারিক রাজদীপ দেব জানিয়েছেন, গতকাল টিএসআর সপ্তম ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট জ্যোতিষ্ঠান দাস চৌধুরীর নেতৃত্বে টিএসআর জওয়ানরা বিহারের ১৫২ বিহাপুর এবং ১৫৪ গোপালপুর বিধানসভা কেন্দ্রে নিরাপত্তার দায়িত্ব পালন করেছেন। এর আগে গত ৬ নভেম্বর দু'টি বিধানসভা কেন্দ্রে বিহার ভোটের প্রথম পর্বে সফলতার সঙ্গে দায়িত্ব পালন করেছিলেন টিএসআর জওয়ানরা।

Co-operative week :

৭২তম অর্থিল ভারত সমবায় সপ্তাহ উপলক্ষে গতকাল আগরতলায় সমবায় দপ্তরের প্রধান কার্যালয়ে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ৮৭ জন রক্তদান করেন। উপস্থিত ছিলেন সমবায় নিয়ামক দশরথ দেববর্মা ও সচিব তাপস রায়। আজ দপ্তরের উদ্যোগে বিভিন্ন হাসপাতালে রোগীদের মধ্যে ফল মিষ্টি বিতরণ করা হবে। সমবায় সপ্তাহ উপলক্ষে আগামী ১৪ নভেম্বর, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা, আগরতলার পূর্বাশা প্রাঙ্গণে চারদিন ব্যাপী সমবায় প্রদর্শনী ও মেলার উদ্বোধন করবেন।

Youth Festival-Unakoti :

কুমারঘাটের গীতাঞ্জলি অডিটরিয়ামে গতকাল উনকোটি জেলাভিত্তিক যুব উৎসব ও বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন বিধায়ক ভগবান চন্দ্র দাস। বক্তব্য রাখেন উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, মহকুমা শাসক এন.এস.চাকমা প্রমুখ। এই উৎসবে মোট সাতটি বিষয়ে প্রতিযোগিতায় তিন শতাধিক যুবক যুবতী অংশ নেন। তাছাড়া, বিজ্ঞান মেলায় মোট কুড়িটি মডেল প্রদর্শিত হয়।

Nipun Bharat Mission-Khowai :

নিপুন ভারত মিশন প্রকল্পের অধীনে খোয়াই জেলা শিক্ষা কার্যালয় প্রাঙ্গনে গতকাল জেলাভিত্তিক নিপুন মেলা আয়োজন করা হয়। আলোচনা সভায় উপস্থিত ছিলেন জিলা পরিষদের সভাধীনেত্রী অপর্ণা সিংহ রায়, খোয়াই জেলা শিক্ষা আধিকারিক স্বপন সরকার প্রমুখ।

Adi Karmayogi Abhiyan :

আদি কর্ম্যোগী অভিযানের সফল বাস্তবায়নের লক্ষ্য গতকাল লেফুঙ্গা ব্লকের উত্তর বোধজং নগর এডিসি ভিলেজ অফিসে এক সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের সিনিয়র ডেপুটি ম্যাজিস্ট্রেট

দেবদাস দেববর্মা। তিনি এলাকবাসীর বিভিন্ন সমস্যা সমাধানের জন্য দণ্ডরের আধিকারিকদের পরামর্শ দেন।

Women's Football :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত মহিলাদের ঘরোয়া লিগ ফুটবল প্রতিযোগিতা গতকাল দ্বিতীয় রাউন্ডের দুটি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় জম্পুইজলা প্লে সেন্টার ২-১ গোলে ত্রিপুরা পুলিশকে পরাজিত করে। অপরদিকে, ত্রিপুরা স্পোর্টস স্কুল ও বিশ্বামগঞ্জ প্লে সেন্টারের খেলাটি গোলশূণ্য ভৱ হয়।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে।
আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।
আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯ ডিগ্রি সেলসিয়াস।
